গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি
স্থানীয় সরকার শাখা।
www.jhalakathi.gov.bd

স্মারক নম্বর : ৪৬.১০.৪২০০.০১১.০৯.০০২.২৩.২৬৪

তারিখ: ০৪ বৈশাখ, ১৪৩০ / ১৭ এপ্রিল, ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ইউনিয়ন পরিষদ-২ শাখার গত ২০ মার্চ ২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭.৩৬ নম্বর স্মারকের ছাড়পত্রের প্রেক্ষিতে ঝালকাঠি জেলার ইউনিয়ন পরিষদ সচিবের শূন্যপদ পূরণ এবং পরবর্তী ১ (এক) বছরের মধ্যে কোন পদ শূন্য হলে তা পূরণে প্যানেল তৈরির লক্ষ্যে অস্থায়ীভিত্তিতে ঝালকাঠি জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নরূপ শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | বেতনস্কেল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | ইউনিয়ন পরিষদ সচিব | ০৩ (তিন) টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি | গ্রেড-১৪ ১০,২০০-২৪,৬৮০/- (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | বিধি মোতাবেক বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক এবং ২৫% ইউনিয়ন পরিষদের নিজস্ব রাজস্ব আয় হতে প্রদেয়। |

### আবেদনের শর্তাবলী

১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও ঝালকাঠি জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। আগ্রহী প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২৯.১২.২০১৪ তারিখের ০৫.১১০.০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকপত্রমূলে জারিকৃত পরিপত্র অনুযায়ী চাকুরির নির্ধারিত আবেদন ফরমে স্পষ্টাক্ষরে স্বহস্তে পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম জেলা ই-সেবা কেন্দ্র, www.jhalakathi.gov.bd অথবা www.forms.gov.bd ওয়েব সাইটে অথবা স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি হতে সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০২ (দুই) কপি ছবি সংযুক্ত করতে হবে এবং ছবির অপর পাশে/পিছনে প্রার্থীকে অবশ্যই স্পষ্ট করে নাম লিখতে হবে।

৩। আবেদনপত্র আগামী ২০.০৫.২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে (সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা) সরকারি ডাকযোগে জেলা প্রশাসক, ঝালকাঠি বরাবর পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

৪। প্রার্থীগণকে পরীক্ষার ফি বাবদ জেলা প্রশাসক, ঝালকাঠি'র অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে ৫০০/-(পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনকারীর নাম ঠিকানা সম্বলিত ১০.৫´X৪.৫´ সাইজের (২০/-টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকিটসহ) একটি ফেরত খাম দাখিল করতে হবে।

৫। প্রার্থীর বয়স ২০.০৫.২০২৩ খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে শুধুমাত্র মুক্তিযোদ্ধার সন্তান বা প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য হবে। তবে বয়স নিরূপন ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। উল্লেখ্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২২.০৯.২০২২ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নং স্মারক মোতাবেক ২৫ মার্চ ২০২০ তারিখে যে সকল প্রার্থীর বয়স সর্বোচ্চ বয়সসীমার মধ্যে ছিল যে সকল প্রার্থীও আবেদন করতে পারবেন।

৬। কোটা সম্পর্কিত সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসরণ করা হবে। কোন কোটার বিপরীতে আবেদন করলে তা আবেদনের উপরে ডান দিকে উল্লেখ করতে হবে।

৭। চাকুরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৮। প্রাথমিক বাছাইয়ে যথাযথ বিবেচিত আবেদনের আবেদনকারীদেরকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ গ্রহণ করতে দেয়া হবে এবং মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে উল্লিখিত সকল তথ্যের অনুকূলে মূল সনদ দেখাতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ বা ডিএ দেয়া হবে না।

৯। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। নিয়োগ প্রাপ্তদের সরকারি বিধিমোতাবেক বেতন-ভাতাদি প্রদান করা হবে।

১১। চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশনে এবং স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে তিনি নিয়োগ লাভে অযোগ্য বলে বিবেচিত হবেন।

১২। কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিল এবং পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


ফারাহ্ গুল নিঝুম
জেলা প্রশাসক
ঝালকাঠি
ফোন: ০২৪৭৮৮৭৫৩০০
ই-মেইল: dcjhalokati@mopa.gov.bd


CamScanner

বৈশাখ, ১৪৩০
তারিখ: ..........................
এপ্রিল, ২০২৩

স্মারক নম্বর : ৪৬.১০.৪২০০.০১১.০৯.০০২.২৩-

অনুলিপি সদয় অবগতির/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৩. পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪. জেলা প্রশাসক, .......................... ( সকল)।
৫. পুলিশ সুপার/সিভিল সার্জন, ঝালকাঠি।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝালকাঠি।
৭. মেয়র, ঝালকাঠি/নলছিটি পৌরসভা, ঝালকাঠি।
৮. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও তথ্য যোগাযোগ প্রযুক্তি), ঝালকাঠি।
৯. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ/এলজিইডি/গণপূর্ত বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঝালকাঠি।
১০. উপজেলা নির্বাহী অফিসার, ঝালকাঠি সদর/নলছিটি/রাজাপুর/কাঠালিয়া, ঝালকাঠি।
১১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ঝালকাঠি।
১২. জেলা তথ্য অফিসার, ঝালকাঠি। (ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৩. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি। (তাকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, ঝালকাঠির ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১৪. সম্পাদক, দৈনিক ইত্তেফাক, কাওরান বাজার, ঢাকা-১২১৫। বিজ্ঞপ্তিটি পত্রিকায় স্বাভাবিকভাবে ছোট অক্ষরে সিংগেল স্পেসে ০৩ (তিন) কলামে সংক্ষিপ্ত আকারে (০৩ কলাম x ০৮ ইঞ্চি) ভিতরের পাতায় একবার প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো। বিজ্ঞপ্তি প্রকাশের পর ০২ (দুই) টি পত্রিকা এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
১৫. সম্পাদক, The Daily Observer, 93, Motijheel C/A (2nd Floor), Dhaka-1000। বিজ্ঞপ্তিটি পত্রিকায় স্বাভাবিকভাবে ছোট অক্ষরে সিংগেল স্পেসে ০৩ (তিন) কলামে সংক্ষিপ্ত আকারে (০৩ কলাম x ০৮ ইঞ্চি) ভিতরের পাতায় একবার প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো। বিজ্ঞপ্তি প্রকাশের পর ০২ (দুই) টি পত্রিকা এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
১৬. অফিস নথি।

৩/৪/২৩
জেলা প্রশাসক
ঝালকাঠি।

CamScanner